



জেলা পরিষদ  
জামালপুর  
www.zpjamalpur.gov.bd

স্মারক নং-জেপজা/৪৬.৩০.৩৯০০.০০১.০১.০০২.২৫-৩৭১(৯০)

তারিখঃ ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ


**“২০২৫-২০২৬ অর্থ বছরের এককালীন বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি”**

জামালপুর জেলা পরিষদ কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে এককালীন বৃত্তি প্রদানের লক্ষ্যে জামালপুর জেলার স্থায়ী বাসিন্দা, দরিদ্র অথচ মেধাবী শিক্ষার্থী, যারা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক বা সমপর্যায়ে ১ম বর্ষে অধ্যয়নরত, তাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ১। আবেদনকারীকে জামালপুর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক বা সমপর্যায়ে ১ম বর্ষে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- ২। আবেদনকারীর এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ এবং অন্যান্য বিভাগে জিপিএ ৪.৭৫ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের, প্রতিবন্ধী ও উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সকল বিভাগে জিপিএ ৪.০০ থাকতে হবে।
- ৩। মেধাবী অথচ অসম্বল শিক্ষার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। জামালপুর জেলা পরিষদ অফিস অথবা www.zpjamalpur.gov.bd ওয়েব সাইট হতে আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে পূরণ করতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে (ক) ১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (খ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যয়নের প্রমাণপত্র (গ) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমানের পরীক্ষার সনদপত্র ও নথরপত্রের সত্যায়িত অনুলিপি (ঘ) আর্থিক অস্বচ্ছলতা সম্পর্কে সংশ্লিষ্ট পৌর প্রশাসক/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র (ঙ) পিতা/মাতার পেশা সংক্রান্ত প্রত্যয়নপত্র (চ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি (ছ) মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্রের সত্যায়িত অনুলিপি (জ) প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- ৬। স্বহস্তে পূরণকৃত আবেদন ফরম ও সংশ্লিষ্ট সনদপত্রসমূহ আগামী ২৯.০৪.২০২৬ ইং তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ বৃত্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি (অফিস চলাকালীন সময়ে) জামালপুর জেলা পরিষদ কার্যালয় থেকে জানা যাবে। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই করে কমিটি কর্তৃক চূড়ান্ত তালিকা জেলা পরিষদের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে (www.zpjamalpur.gov.bd) প্রকাশ করা হবে।



সরকার আব্দুল্লাহ আল মামুন বারু  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, জামালপুর

e-mail: zpjamalpur@lgd.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
- ০৪। জেলা প্রশাসক, জামালপুর ও প্রশাসক, জেলা পরিষদ, জামালপুর
- ০৫। পুলিশ সুপার, জামালপুর
- ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.....(সকল)
- ০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
- ০৮। প্রশাসক, পৌরসভা (সকল), জামালপুর
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর/মেলান্দহ/ইসলামপুর/সরিষাবাড়ী/মাদারগঞ্জ/দেওয়ানগঞ্জ/বকশীগঞ্জ, জেলা-জামালপুর
- ১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জামালপুর
- ১১। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জামালপুর
- ১২। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, জামালপুর
- ১৩। জেলা শিক্ষা অফিসার, জামালপুর
- ১৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর
- ১৫। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জামালপুর
- ১৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জামালপুর
- ১৭। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, জামালপুর
- ১৮। সম্পাদক, দৈনিক দিনকাল, ৪৪১/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। তাঁকে আগামী ২৪/০২/২০২৬ ইং তারিখে একদিনের জন্য ভিতরের পাতায় ৪”x৬” কলামের মধ্যে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি তীর পত্রিকার সকল সংস্করণের সকল কপিতেই প্রকাশের জন্য অনুরোধ করা হল। প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৯। সম্পাদক, দৈনিক মুক্ত আলো, জামালপুর। তাঁকে আগামী ২৪/০২/২০২৬ ইং তারিখে একদিনের জন্য ভিতরের পাতায় ৪”x৬” কলামের মধ্যে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি তীর পত্রিকার সকল সংস্করণের সকল কপিতেই প্রকাশের জন্য অনুরোধ করা হল। প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।